# তথ্য কমিশন

প্রত্নতত্ত্ব ভবন (৩য় তলা)
এফ-৪/এ, আগারগাঁও প্রশাসনিক এলাকা
শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭

## অভিযোগ নং ঃ ৭২/২০১৬

**অভিযোগকারী ঃ** জনাব ইকবাল হোসেন ফোরকান
পিতা-মরহুম আলহাজ্ব এম এ ফাত্তাহ
বর্তমান ঠিকানা- এ/১, পল্টন বিলাস
৭২ পুরানা পল্টন লাইন
ঢাকা-১০০০।

**প্রতিপক্ষ ঃ** জনাব বেলায়েত হোসেন মোল্লাহ
উপ-পরিচালক (প্রশাসন)
হলি ফ্যামেলী রেড ক্রিসেন্ট হাসপাতাল
১, ইস্কাটন গার্ডেন রোড, ঢাকা-১০০০।

## সিদ্ধান্তপত্র

**(তারিখ ঃ ২০-০৬-২০১৬ ইং)**

অভিযোগকারী ০৫-১১-২০১৫ তারিখে তথ্য অধিকার আইন, ২০০৯ এর ৮(১) ধারা অনুসারে জনাব বেলায়েত হোসেন মোল্লাহ, উপ-পরিচালক (প্রশাসন) ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই), হলি ফ্যামেলী রেড ক্রিসেন্ট হাসপাতাল, ১, ইস্কাটন গার্ডেন রোড, ঢাকা-১০০০ বরাবরে নিম্নলিখিত তথ্য জানতে চেয়ে আবেদন করেন-

> স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের স্মারক নংঃ স্বপকম/হাস-০৩/বিবিধ-১০(৪)/২০০২/৪৪ তারিখঃ ২৮.০১.২০১৪ মাধ্যমে জারিকৃত দেশের সকল সরকারী, আধা-সরকারী হাসপাতাল/স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠান (সরকারী অনুদান প্রাপ্ত) হাসপাতালে বীর মুক্তিযোদ্ধাদের/তাঁদের পরিবারবর্গের অগ্রাধিকার ভিত্তিতে বিনামূল্যে সুচিকিৎসা নিশ্চিত করা সংক্রান্ত সরকারী আদেশ/সিদ্ধান্ত অনুযায়ী হলি ফ্যামেলি রেড ক্রিসেন্ট হাসপাতাল কর্তৃক বীর মুক্তিযোদ্ধাদের/ তাঁদের পরিবারবর্গকে প্রদত্ত চিকিৎসা সেবার বিবরণ ও উক্ত সেবা গ্রহণ পদ্ধতি ইত্যাদি বিস্তারিত জানা আবশ্যক।

২। নির্ধারিত সময়ের মধ্যে প্রার্থীত তথ্য না পেয়ে অভিযোগকারী ০৫-০১-২০১৬ তারিখে জনাব ব্রিগেডিয়ার জেনারেল (অবঃ) ডাঃ মোঃ সওকত আলী, পরিচালক ও আপীল কর্তৃপক্ষ (আরটিআই), হলি ফ্যামেলি রেড ক্রিসেন্ট হাসপাতাল, ১, ইস্কাটন গার্ডেন রোড, ঢাকা-১০০০ বরাবরে আপীল আবেদন করেন। আপীল আবেদনের পরও কোন প্রতিকার না পেয়ে তিনি ০৬-০৩-২০১৬ তারিখে তথ্য কমিশনে অভিযোগ দায়ের করেন।

৩। তথ্য কমিশনের ১০-০৪-২০১৬ তারিখের সভায় অভিযোগটি শুনানীর জন্য গ্রহণ করে ০৫-০৫-২০১৬ তারিখ শুনানীর দিন ধার্য করে সমন জারী করার সিদ্ধান্তের প্রেক্ষিতে অভিযোগকারী ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার প্রতি সমন জারী করা হয়।

৪। শুনানীতে অভিযোগকারী হাজির হলেও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা গরহাজির। দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা গরহাজির থাকায় ২৯-০৫-২০১৬ তারিখ পুনরায় শুনানীর দিন ধার্য করে অভিযোগকারী ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা এর প্রতি সমন জারী করা হয়।

৫। ২৯-০৫-২০১৬ তারিখে উভয়পক্ষের উপস্থিতিতে আংশিক শুনানী গৃহীত হয়। শুনানীকালে প্রতিপক্ষে উপ-পরিচালক জনাব বেলায়েত হোসেন মোল্লাহ হলি ফ্যামেলী হাসপাতাল তথ্য অধিকার আইন অনুযায়ী কর্তৃপক্ষ কিনা সে বিষয়ে সংশয় প্রকাশ করেন বিধায় অধিকতর শুনানীর জন্য ২০-০৬-২০১৬ তারিখ পুনরায় ধার্য করে অভিযোগকারী ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার প্রতি সমন জারী করা হয়। অদ্য ২০-০৬--২০১৬ তারিখ শুনানীতে অভিযোগকারী এবং দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা হাজির।

৬। অভিযোগকারী তার বক্তব্যে উল্লেখ করেন যে, তথ্য অধিকার আইন, ২০০৯ অনুযায়ী দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) এর নিকট ০১ নং অনুচ্ছেদে উল্লিখিত তথ্য চেয়ে আবেদন করেন। তথ্য না পেয়ে তিনি আপীল কর্তৃপক্ষ (আরটিআই) বরাবরে আপীল আবেদন করেন। আপীল আবেদন করার পরও অদ্যাবধি কোন প্রতিকার না পেয়ে সংক্ষুব্ধ হয়ে তিনি তথ্য কমিশনে অভিযোগ দাখিল করেন। হলি ফ্যামেলি রেড ক্রিসেন্ট হাসপাতাল বাংলাদেশ সরকার থেকে অনুদানপ্রাপ্ত প্রতিষ্ঠান কিনা কমিশন জানতে চাইলে অভিযোগকারী তার বক্তব্যে উল্লেখ করেন যে, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের উপ- সচিব ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা ড. মোঃ এনামুল হক কর্তৃক তাকে সরবরাহকৃত স্মারক নং ৪৫.১৪৩.০১৬.০০.০০.০০১.০২৩.২০১৫-৫৬২ তারিখ-৩০.১২.১৫ মারফত বাংলাদেশ সরকার থেকে অনুদানপ্রাপ্ত প্রতিষ্ঠানের নামের তালিকার ৩১ নং ক্রমিকে বাংলাদেশ রেড ক্রিসেন্ট সোসাইটি এর নাম উল্লেখ রয়েছে মর্মে কমিশনকে অবহিত করেন । তিনি আরো উল্লেখ করেন যে, দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা প্রার্থীত তথ্যাদি সরবরাহ না করে বরং তার সাথে অসদাচরণ করেছেন । এমতাবস্থায়, দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা অভিযোগকারীকে তথ্য অধিকার আইন অনুযায়ী নির্ধারিত সময়ে চাহিত তথ্যাদি প্রদান না করে কালক্ষেপণ করায় এবং তথ্য প্রদান না করে তথ্য অধিকার আইন, ২০০৯ লংঘন করেছেন মর্মে তিনি দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার শাস্তি দাবী করেন ।

৭। প্রতিপক্ষ উপ-পরিচালক (প্রশাসন) এবং দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) জনাব বেলায়েত হোসেন মোল্লাহ, হলি ফ্যামিলি রেড ক্রিসেন্ট হাসপাতালের পরিচালক ব্রিগেঃ জেনাঃ (অবঃ) ডাঃ মোঃ শওকত আলী কর্তৃক স্বাক্ষরিত স্মারক নং হলি/এইচআর/১০০১/১০৯/১৬ তারিখ -১৬-০৬-২০১৬ মূলে "তথ্য প্রদান প্রসঙ্গে" বিষয়ক একটি জবাব কমিশনে দাখিল করেন এবং একইসাথে তিনি তার বক্তব্যে উল্লেখ করেন যে, হলি ফ্যামিলি রেড ক্রিসেন্ট হাসপাতাল বাংলাদেশ রেড ক্রিসেন্ট সোসাইটির একটি অলাভজনক স্বাস্থ্যসেবামূলক প্রতিষ্ঠান । হাসপাতাল স্থাপিত হওয়ার পর থেকে অদ্যাবধি সরকারী অনুদান না পাওয়ায় নিজস্ব আয় থেকেই সকল ব্যয়ভার বহন করে আসছে বিধায় হাসপাতালে বীর মুক্তিযোদ্ধাদের/তাঁদের পরিবারবর্গের অগ্রাধিকার ভিত্তিতে বিনামূল্যে চিকিৎসা সেবা প্রদান করা হয় না মর্মে কমিশনকে অবহিত করেন। তিনি আরো বলেন যে, হলি ফ্যামিলি রেড ক্রিসেন্ট হাসপাতাল তথ্য প্রদানকারী "কর্তৃপক্ষ" হিসেবে বিবেচিত হলে তিনি অভিযোগকারীকে তার প্রার্থীত সকল তথ্যাদি কমিশনের নির্দেশক্রমে প্রদান করা হবে মর্মে নিশ্চয়তা প্রদান করেন এবং অত্র অভিযোগ থেকে অব্যাহতি চেয়ে তিনি কমিশনের নিকট আবেদন করেন ।

## পর্যালোচনা

উভয়পক্ষের বক্তব্য শ্রবণান্তে এবং দাখিলকৃত প্রমাণাদি পর্যালোচনান্তে পরিলক্ষিত হয় যে, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের উপ-সচিব ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা ড. মোঃ এনামুল হক কর্তৃক স্বাক্ষরিত এবং সরবরাহকৃত স্মারক নং ৪৫.১৪৩.০১৬.০০.০০.০০১.০২৩.২০১৫-৫৬২ তারিখ-৩০.১২.১৫ মারফত বাংলাদেশ সরকার থেকে অনুদানপ্রাপ্ত প্রতিষ্ঠানের নামের তালিকার ৩১ নং ক্রমিকে বাংলাদেশ রেড ক্রিসেন্ট সোসাইটির নাম রয়েছে এবং বাংলাদেশ রেড ক্রিসেন্ট সোসাইটির মহাপরিচালক কর্তৃক বিডিআরসিএস/অর্থ/২০১৬/৫৯৮ তারিখ ০২.০৬.২০১৬ মাধ্যমে সরবরাহকৃত চাহিত তথ্যের ৬নং ক্রমিকে উল্লেখ করা হয়েছে যে, "হলি ফ্যামিলি রেড ক্রিসেন্ট মেডিকেল কলেজ ও হলি ফ্যামিলি রেড ক্রিসেন্ট মেডিকেল কলেজ হাসপাতাল বাংলাদেশ রেড ক্রিসেন্ট সোসাইটি পরিচালিত ২টি অঙ্গ প্রতিষ্ঠান ।" তাছাড়া, বাংলাদেশ রেড ক্রিসেন্ট সোসাইটিকে ২০০৭ সালে ৫ কোটি ১২ লক্ষ ৫১ হাজার টাকা, ২০১৩-১৪ অর্থবছরে ৫০ লক্ষ, ২০১৪-১৫ অর্থবছরে ৬০ লক্ষ এবং ২০১৫-১৬ অর্থবছরে ৬০ লক্ষ টাকা সরকার থেকে বরাদ্দ দেওয়া হয়েছে যার মধ্যে হলি ফ্যামিলি রেড ক্রিসেন্ট হাসপাতালে যন্ত্রপাতি ক্রয় বাবদ ২,১২,৫১,০০০/- টাকা অন্তর্ভূক্ত রয়েছে। কাজেই বাংলাদেশ রেড ক্রিসেন্ট সোসাইটির অঙ্গ প্রতিষ্ঠান হলি ফ্যামিলি রেড ক্রিসেন্ট হাসপাতালটি বাংলাদেশ সরকার থেকে রেড ক্রিসেন্ট সোসাইটির মাধ্যমে অনুদানপ্রাপ্ত প্রতিষ্ঠান হিসেবে কমিশনের নিকট প্রতীয়মান হয় । ফলে বাংলাদেশ সরকার থেকেও অনুদান গ্রহণ করায় হলি ফ্যামেলি রেড ক্রিসেন্ট হাসপাতাল তথ্য প্রদানকারী "কর্তৃপক্ষ" হিসেবে বিবেচিত হবে এবং তথ্য অধিকার আইন, ২০০৯ অনুযায়ী তথ্য প্রদান করতে বাধ্য থাকবে মর্মে প্রতীয়মান হয় । অপরদিকে, উপস্থিত কর্মকর্তা তথ্য কমিশনের নির্দেশনা অনুসারে অভিযোগকারীর প্রার্থীত তথ্যাদি প্রস্তুত করে সরবরাহ করার নিশ্চয়তা প্রদান করায় অভিযোগটি নিষ্পত্তিযোগ্য মর্মে প্রতীয়মান হয়।

## সিদ্ধান্ত।

বিস্তারিত পর্যালোচনান্তে নিম্নলিখিত নির্দেশনা প্রদানপূর্বক অভিযোগটি নিষ্পত্তি করা হলো ঃ-

১। তথ্যের মূল্য পরিশোধ সাপেক্ষে এই সিদ্ধান্ত প্রাপ্তির পরবর্তী ১৫ কার্যদিবসের মধ্যে অভিযোগকারীকে তার প্রার্থীত তথ্য, তথ্য অধিকার আইন, ২০০৯ অনুযায়ী সরবরাহের জন্য জনাব বেলায়েত হোসেন মোল্লাহ, উপ-পরিচালক (প্রশাসন), হলি ফ্যামিলি রেড ক্রিসেন্ট হাসপাতাল, ১, ইস্কাটন গার্ডেন রোড, ঢাকা-১০০০ কে নির্দেশনা দেয়া হলো এবং তথ্যের মূল্য নির্ধারণ করে অভিযোগকারীকে মূল্য পরিশোধের জন্য ৫ কার্যদিবস সময় দিয়ে পত্র দেওয়ার জন্যও নির্দেশনা দেওয়া হলো ।

২। তথ্য অধিকার আইন, ২০০৯ এর ১০ ধারা অনুযায়ী অত্র সিদ্ধান্তপত্র প্রাপ্তির ১৫ দিনের মধ্যে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা নিয়োগ করে তথ্য কমিশনকে অবহিত করার জন্য পরিচালক, হলি ফ্যামিলি রেড ক্রিসেন্ট হাসপাতাল কে নির্দেশনা দেয়া হলো ।

৩। তথ্য অধিকার আইন, ২০০৯ এর ধারা-৯ এবং তথ্য অধিকার (তথ্য প্রাপ্তি সংক্রান্ত) বিধিমালা, ২০০৯ এর বিধি-৮ অনুযায়ী সরবরাহকৃত তথ্যের মূল্য বাবদ আদায়কৃত অর্থ ১-৩৩০১-০০০১-১৮০৭ নং কোডে সরকারী কোষাগারে জমা প্রদানের জন্য দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) কে নির্দেশ দেয়া হলো।

৪। নির্দেশনা বাস্তবায়ন/প্রতিপালন করে তথ্য কমিশনকে অবহিত করার জন্য উভয়পক্ষকে বলা হলো।

সংশ্লিষ্ট পক্ষগণকে অনুলিপি প্রেরণ করা হোক।

**স্বাক্ষরিত**
**(প্রফেসর ড. খুরশীদা বেগম সাঈদ)**
তথ্য কমিশনার

**স্বাক্ষরিত**
**(নেপাল চন্দ্র সরকার)**
তথ্য কমিশনার

**স্বাক্ষরিত**
**(অধ্যাপক ড. মোঃ গোলাম রহমান)**
প্রধান তথ্য কমিশনার